# নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি

রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা

টেলিফোনঃ ০৯৫১-৬১৩৫৩, ০৯৫১-৬১৮৯৯, ই-মেইলঃ netrokonapbs@gmail.com


স্মারক নং-২৭.১২.৭২৭৪.৫৫৩.০১.১১১.১৯.২৬৭৫ তারিখঃ ৩০ চৈত্র ১৪২৫ বঙ্গাব্দ
১৩/০৪/২০১৯খ্রিস্টাব্দ

## "নিয়োগ বিজ্ঞপ্তি"

নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্ন বর্ণিত পদে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর লক্ষ্যে প্রকৃত যোগ্যতাসম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের পার্শ্বে প্রয়োজনীয় শিক্ষাগতযোগ্যতা ও অন্যান্য সুবিধাদি উল্লেখ করা হলো।

| ক্রঃ নং | পদের নাম | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মাসিক মূল বেতন | বয়স |
|---|---|---|---|---|
| ১ | ডাটা এন্ট্রি অপারেটর ( মহিলাদের জন্য সংরক্ষিত) | এসএসসি ও এইচএসসি পরীক্ষায় নূন্যতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে নূন্যতম ২.২৫ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ২.৫০ অথবা সমতুল্য থাকতে হবে। প্রার্থীকে ওয়ার্ড প্রসেসিং এ ভাল জ্ঞান থাকতে হবে। কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং স্পীড প্রতি মিনিটে যথাক্রমে নূন্যতম ২০(বিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ তৈরীতে সক্ষম হতে হবে। বাংলা ও ইংরেজীতে ব্যাকরণসহ বানান, বিরাম চিহ্ন ও বাক্য তৈরীতে দক্ষ, কম্পিউটারের ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং, নথি, যোগাযোগ, তথ্য ও ফাইল ফোল্ডার সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে দক্ষতা ও পর্যাপ্ত জ্ঞান থাকতে | ১৮৩০০- ৩২৭৪০/-টাকা বেতন স্কেলে মূল বেতন এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া , চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি। | ০৫/০৫/২০১৯খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স সর্বনিম্ন ১৮বছর এবং সর্বোচ্চ ৩০ বছর হতে হবে। তবে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র/প্রমানাদি আবেদন পত্রের সহিত সংযুক্ত সাপেক্ষে মুক্তিযোদ্ধার/ শহীদ মুক্তিযোদ্ধার (পুত্র/নাতি) সন্তানের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। |
| ২ | ড্রাইভার | সাবলীলভাবে বাংলা, ইংরেজী শব্দ, সংখ্যা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। প্রার্থীর বিআরটিএ কর্তৃক প্রদত্ত মেয়াদ সম্বলিত (হালকা) বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। প্রার্থীকে যে কোন সরকারী/আধাসরকারী/স্বায়ত্বশাসিত/বৃহৎ শিল্প/বানিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যুনতম ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স প্রাপ্তির পর উল্লিখিত প্রতিষ্ঠান সমুহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য করা হবে। বিগত ৩ (তিন) বছরে বড় ধরনের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যায়নপত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনকৃত প্রার্থীদের ড্রাইভিং টেষ্ট এবং লিখিত পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপেয়ারিং , টিউন আপ, সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান ইত্যাদি বিষয়ে। নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে নিয়োগপত্র প্রাপ্তির পর কাজে যোগদানের সময় অত্র পবিস এর রিটেইনার চিকিৎসকের নিকট হতে সুস্বাস্থ্য এবং দৃষ্টিশক্তির ফিটনেস সার্টিফিকেট গ্রহণপূর্বক সমিতিতে জমা প্রদান করতে হবে। | ১৬,৬০০- ২৯৯০০/-টাকা বেতন স্কেলে মূল বেতন এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া , চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি। | |
| ৩ | অফিস সহায়ক | এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। আবেদনকারীকে সৎ, বিশ্বস্থ এবং ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। বাই-সাইকেল চালনায় সক্ষম হতে হবে এবং নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে। | ১৫৫০০- ২৭৮৫০/-টাকা বেতন স্কেলে মূল বেতন এবং নিয়ম অনুযায়ী বাড়ী ভাড়া , চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি। | |

শর্তাবলীঃ

১। আবেদন করতে ইচ্ছুক প্রার্থীগণকে নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি এর ওয়েবসাইট (http://pbs.netrokona.gov.bd) হতে আবেদন ফরম (ফরম নং পমাপস ১১০-০০২, ভার্সন-০১) ডাউন লোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ পূর্বক সদ্য তোলা ২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের ফটোকপি, ইউনিয়ন পরিষদ/ পৌরসভার মেয়র/কমিশনারের নিকট থেকে নাগরিকত্ব সনদপত্র, ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি (ক্রমিক নং-২ এর জন্য) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলিত সীল মোহর সহ) কর্তৃক সত্যায়িত করে আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। এছাড়াও নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতির অনুকূলে পোষ্ট অফিস হতে ১০০.০০ ( একশত) টাকার পোস্টাল অর্ডার আবেদনের সাথে সংযুক্তপূর্বক খামের উপর পদের নাম উল্লেখ করে আগামী ০৫/০৫/২০১৯খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, রাজেন্দ্রপুর, চল্লিশা, নেত্রকোণা এর বরাবরে সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। আবেদনপত্র A4 সাইজের কাগজে হতে হবে। সাদা কাগজে বা টাইপকৃত কোন আবেদনপত্র এবং উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহনযোগ্য হবে না।

২। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় মূল বেতনসহ পবিস কর্তৃক প্রদেয় অন্যান্য ভাতাদি প্রদান পূর্বক ০১ (এক) বছরের জন্য অন-প্রবেশনে নিয়োগ করা হবে। অন-প্রবেশন কালে অর্পিত দায়িত্ব ও কর্তব্য যথাযথ ভাবে সম্পাদন , বাপবিবোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে ( পবিস নির্দেশিকা ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে পল্লী বিদ্যুৎ সমিতির নিজস্ব স্যালারী প্যাটার্নের নির্ধারিত বেতন পরিধিতে চাকুরী নিয়মিত করন করা হবে।

৩। অত্র সমিতিতে কর্মরত কোন কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকের স্বামী/স্ত্রী অথবা রক্তের সম্পর্কীয়দের আবেদন করার প্রয়োজন নাই।

৪। জেলা কোটা প্রাপ্যতার ভিত্তিতে ঢাকা, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, রাজবাড়ী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরীয়তপুর, চট্টগ্রাম, কক্সবাজার, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, কুমিল্লা, ব্রাহ্মনবাড়ীয়া, চাঁদপুর, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, রাজশাহী, নওগাঁ, চাঁপাই নবাবগঞ্জ, নাটোর, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রংপুর, নীলফামারী, কুড়িগ্রাম, গাইবান্ধা, বগুড়া, পাবনা, খুলনা, বাগেরহাট, যশোর, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, বরিশাল, ভোলা, পিরোজপুর, পটুয়াখালী, বরগুনা জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন।

৫। বিজ্ঞপ্তি প্রকাশের পর হতে নিয়োগের পূর্ব মুহূর্ত পর্যন্ত নিয়োগ/বদলী/পদোন্নতির মাধ্যমে কোন জেলা কোটা পূরণ হলে সেই জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।

০৬। উক্ত পদের জন্য মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ সন্ততিদের সরকারী নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে। তবে সেক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান সন্তানাদি তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের ফটোকপি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম সম্বলিত সীল মোহর সহ) কর্তৃক সত্যায়িত করে প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক গেজেটেড অফিসার অথবা ইউনিয়ন পরিষদের/ পৌরসভার মেয়র এর প্রত্যয়ন পত্রের মূলকপি আবেদনের সহিত সংযুক্ত করতে হবে।

০৭। অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। চাকুরীতে প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্বাচনী (লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষা) পরীক্ষায় অংশগ্রহণ ও সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। । মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

০৮। ইতোপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতির চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কোন প্রার্থীর আবেদন করার প্রয়োজন নাই।

৯। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেওয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

১০। অসম্পূর্ণ/ভুল আবেদন পত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

( মোঃ মজিবুর রহমান )
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো ) ।

১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা
৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নেত্রকোণা।
৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------১/২/৩/৪।
৫। সকল ডিজিএম, নেত্রকোণা পবিস।
৬। সকল এজিএম, নেত্রকোণা পবিস।
৭। নোটিশ বোর্ড এবং ওয়েবসাইট, নেত্রকোণা পবিস।
৮। অফিস/মাস্টার কপি।

( মোঃ মজিবুর রহমান )
জেনারেল ম্যানেজার